



স্মারক নং-৪৬.০০.৫১০০.০১.০১.২৮.২০১৫- ৩৩৭

তারিখ: ২২.০৬.২০২৩খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের (জেলা পরিষদ শাখা) এর ৩০ জানুয়ারী ২০২৩খ্রি: তারিখের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭-১৫৮, মোতাবেক লক্ষ্মীপুর জেলা পরিষদ কার্যালয়ের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে “২০১৫ সালের জাতীয় বেতন স্কেল” এবং “জেলা পরিষদ চাকুরী বিধিমালা ১৯৯০” এর নিয়োগ বিধি মোতাবেক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
০১	সাঁটলিপিকার (গোপনীয় সহকারী)	০১ টি	স্কেল ১১০০০-২৬৫৯০ গ্রেড নং-১৩	যে কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজীতে দ্রুতলিপি প্রতিমিনিটে ১০০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতিমিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে।
০২	উচ্চমান সহকারী	০১ টি	স্কেল ১০২০০-২৪৬৮০ গ্রেড নং-১৪	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনার্স/স্নাতক অথবা সমমানের ডিগ্রী এবং কম্পিউটার ব্যবহারের দক্ষতা থাকতে হবে।
০৩	নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর।	০২ টি	স্কেল ৯৩০০-২২৪৯০ গ্রেড নং-১৬	যে কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজি প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে
০৪	ফটোকপি মেশিন/ডুপ্লিকেটিং মেশিন অপারেটর-কাম দপ্তরি	০১ টি	স্কেল ৮৮০০-২১৩১০ গ্রেড নং-১৮	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ফটোকপি মেশিন অপারেটিং কাজের অভিজ্ঞতা থাকতে হবে
০৫	অফিস সহায়ক (এমএলএসএস)	০২ টি	স্কেল ৮২৫০-২০০১০ গ্রেড নং-২০	অষ্টম শ্রেণি পাস/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।
০৬	সুইপার	০১ টি	স্কেল ৮২৫০-২০০১০ গ্রেড নং-২০	অষ্টম শ্রেণি পাস/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।

: শর্তাবলী :

- আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে সরকার কর্তৃক চাকুরির আবেদনের নির্ধারিত ফরমেটে কম্পিউটার কম্পোজ/ স্ব হস্তে লিখিত আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরমেট জেলা পরিষদ, লক্ষ্মীপুর ওয়েবসাইট (www.zplakshampur.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) বা (www.forms.gov.bd) এ পাওয়া যাবে।
- আবেদনকারী বয়সসীমা ৩০.০৬.২০২৩খ্রি: তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে কোভিড-১৯ পরিস্থিতির কারণে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-০১ শাখার ২২.০৯.২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭. ২০.১৪৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ২৫.০৩.২০২০ খ্রি: তারিখে সর্বোচ্চ সময়সীমা ৩০ বছর নির্ধারিত হবে। বীরমুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য হলে মুক্তিযোদ্ধা হিসাবে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত ও স্বীকৃত সনদের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে (সমাজ সেবা কার্যালয় কর্তৃক ইস্যুকৃত) সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে
- আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লক্ষ্মীপুর বরাবরে আগামী ২০.০৭.২০২৩ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- খামের উপর মোটা অক্ষরে পদের নাম, জেলার নাম ও বিশেষ কোটা (যদি থাকে) লিখতে হবে এবং বামপার্শ্বে প্রেরকের/আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা এবং ডানপার্শ্বে প্রাপক, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লক্ষ্মীপুর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- সরকারী তফসিলীভুক্ত যে কোন ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, লক্ষ্মীপুর এর অনুকূলে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৩ পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা ও ক্রমিক নং ০৪ হতে ০৬ পর্যন্ত ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে